



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বগুড়া-২৪০/৬৭৮/

তারিখঃ ৫.০৯.২০১৯খ্রি.

## বিষয়ঃ- পদত্যাগ জনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন আয়রা জামেউল উলুম দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ মাহফুজার রহমান গত ০৩/০৭/২০১৯ খ্রি: তারিখে পদত্যাগ করেন। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে মোঃ আব্দুস শাফীকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১১/১২/২০১৭খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/২২৪১৭১১৯৭৭৩১/১৬৭৯/নথি নং-২৪০ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য মোঃ আব্দুস শাফী, পিতাঃ মোঃ জয়েন উদ্দিন, গ্রামঃ আয়রা, পোঃ আয়রা, শেরপুর, বগুড়াকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

সুপার, আয়রা জামেউল উলুম দাখিল মাদ্রাসা  
পোঃ আয়রা, শেরপুর, বগুড়া



নং-বামাশিবো/প্রশাসন/বগুড়া-২৪০/৬৭৮/

তারিখঃ ৫.০৯.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া;
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার শেরপুর, বগুড়া;
৪. সভাপতি মোঃ আব্দুস শাফী, আয়রা জামেউল উলুম দাখিল মাদ্রাসা;
৫. মোঃ মাহফুজার রহমান (সাবেক সভাপতি), আয়রা জামেউল উলুম দাখিল মাদ্রাসা;
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪